

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৩৬

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খলিফাগণ সম্পর্কে

بَابُ فِي الْخُلَفَاءِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْبٍ، عَنِ الزُّبَيْدِيِّ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنِ عَمْرُو بْنِ أَبَانَ بْنِ عُثْمَانَ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّهُ كَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أُرِي اللَّيْلَةَ رَجُلٌ صَالِحٌ أَنَّ أَبَا بَكْرٍ نَيْطَ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَنَيْطَ عُمَرَ، بِأَبِي بَكْرٍ، وَنَيْطَ عُثْمَانَ، بِعُمَرَ، قَالَ جَابِرٌ: فَلَمَّا قُمْنَا مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْنَا: أَمَّا الرَّجُلُ الصَّالِحُ فَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَأَمَّا تَنْوُطُ بَعْضِهِمْ بِبَعْضٍ فَهُمْ وُلَاةٌ هَذَا الْأَمْرِ الَّذِي بَعَثَ اللَّهُ بِهِ نَبِيَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَبُو دَاوُدَ: وَرَوَاهُ يُونُسُ، وَشُعَيْبٌ لَمْ يَذْكُرَا عَمْرُو بْنَ أَبَانَ

ضعيف

বাংলা

৪৬৩৬। জাবির ইবনু আব্দুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমাকে স্বপ্নে এক পূণ্যবান ব্যক্তিকে দেখানো হয়েছে, আবু বকর (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সংযুক্ত রয়েছেন, উমার (রাঃ), আবু বকর (রাঃ)-এর সঙ্গে এবং উসমান (রাঃ) উমার (রাঃ)-এর সঙ্গে সংযুক্ত রয়েছেন। জাবির (রাঃ) বলেন, যখন আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট থেকে উঠে দাঁড়িলাম তখন আমরা বললাম, সেই পূণ্যবান ব্যক্তি হলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আর একে অপরের সঙ্গে সংযুক্ত হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যে নির্দেশ দিয়ে আল্লাহ প্রেরণ করেছেন তারা তারই অভিভাবক।[1]

দুর্বল।

English

Jabir b. 'Abd Allah reported the Messenger of Allah (ﷺ) as saying:
 Last night a good man had a vision in which Abu Bakr seemed to be joined to the Messenger of Allah (ﷺ). 'Umar to Abu Bakr, and 'Uthman to 'Umar. Jabir said: When we got up and left the Messenger of Allah (ﷺ), we said: The good man is the Messenger of Allah (ﷺ), and that their being joined together means that they are the rulers over this matter with which Allah has sent His Prophet (ﷺ).

Abu Dawud said: It has been transmitted by Yunus and Shu'aib, but they did not mention 'Amr b. Aban.

ফুটনোট

[1]. আহমাদ, হাকিম। ইমাম হাকিম এর সনদকে সহীহ বলেছেন। কিন্তু সনদে আমর ইবনু আবান বিন উসমান রয়েছে। তার অবস্থা অজ্ঞাত। হাফিয় বলেনঃ মাকবুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62004>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন